# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭৬

১/ বিবিধ

আরবী

لا تسقوني حلب امرأة
منكر

أخرجه وكيع في " الزهد " (3 / 494 / 408) حدثنا قيس بن الربيع عن امرئ القيس عن عاصم بن بحير عن ابن أبي الشيخ المحاربي قال: أتانا رسول الله صلى الله عليه وسلم فقال: (نصركم الله يا معشر محارب! لا تسقوني ...)
وأخرجه ابن سعد في " الطبقات " (6 / 43) من طريقين آخرين عن قيس بن الربيع به، وزاد أحدهما: قال قيس بن الربيع: فرأيت امرأ القيس إذا أتى بشيراز (كذا) قال: حلاب امرأة هذا؟
قلت: وهذا إسناد ضعيف مظلم، ابن أبي الشيخ لا يعرف إلا في هذا الحديث بهذا الإسناد، أورده ابن الأثير وغيره هكذا في الصحابة
وعاصم بن بحير ـ بالحاء المهملة مكبرا أو مصغرا ـ كما في" الإكمال " وغيره ولم أجد له ترجمة، وامرؤ القيس، أورده في " الميزان " بروايته هذه عن عاصم وقال: قال الأزدي: حدث بخبر منكر لا يصح، وكذا في اللسان
وقيس بن الربيع، قال الحافظ في " التقريب ": صدوق، تغير لما كبر، وأدخل عليه ابنه ما ليس من حديثه فحدث به
قلت: فلا يبعد أن يكون هذا الحديث بهذا الإسناد المظلم مما أدخله عليه ابنه والله أعلم

বাংলা

১৭৬। তোমরা আমাকে মহিলার দুধ পান করিয়ো না।

হাদীসটি মুনকার।

এটি ওয়াকী "আল-যুহুদ" গ্রন্থে (৩/৪৯৪/৪০৮) উল্লেখ করেছেন । এছাড়া ইবনু সা'দ "আত-তাবাকাত" গ্রন্থে (৬/৪৩) কায়স ইবনু রাবী' হতে অন্য দুটি সূত্রে বর্ণনা করেছেন। হাদীসটির একাধিক বর্ণনাকারীর মধ্যে সমস্যা রয়েছে।

আমি (আলবানী) বলছিঃ এটির সনদ দুর্বল, অন্ধকারাচ্ছন্ন। বর্ণনাকারী ইবনু আবিশ শাইখ আল-মুহারেবীকে এ হাদীস ব্যতীত অন্য কোন হাদীসে চেনা যায় না। ইবনুল আসীর প্রমুখ এ ভাবেই তাকে সাহাবীগণের অন্তর্ভুক্ত করেছেন। এছাড়া বর্ণনাকারী আসিম ইবনু বুহায়েরের জীবনী পাচ্ছি না।

যাহাবী তার "আল-মীযান" গ্রন্থে আরেক বর্ণনাকারী ইমরুল কায়েস সম্পর্কে বলেন, আযদী বলেছেনঃ তিনি মুনকার হাদীস বর্ণনা করেছেন যা সহীহ নয়। অনুরূপ কথা "লিসানুল মীযান" গ্রন্থেও বলা হয়েছে।

বর্ণনাকারী কায়স ইবনু রাবী' সম্পর্কে হাফিয ইবনু হাজার "আত-তাকরীব" গ্রন্থে বলেনঃ তিনি সত্যবাদী । কিন্তু যখন বয়স্ক হয়ে গিয়েছিলেন, তখন তার পরিবর্তন সাধিত হয়। তার ছেলে যে হাদীস তার না সেটিকে তার উদ্ধৃতিতে হাদীস হিসাবে বর্ণনা করেন।

আমি (আলবানী) বলছিঃ এটি অন্ধকারাচ্ছন্ন। এ সনদের হাদীসটি তার ছেলে কর্তৃক প্রবেশ ঘটানো হাদীসগুলোর একটি হওয়াটা অবাস্তব নয়।

হাদিসের মান: মুনকার (সহীহ হাদীসের বিপরীত) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5436

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন